দৈনিক ইত্তেফাক

তারিখ 12 JUL 2017
পৃষ্ঠা ৩ কলাম ৫

# ফুটবল খেলতে চাওয়ায় ৬ ছাত্রকে উলঙ্গ করলেন প্রধান শিক্ষক

■ কেশবপুর (যশোর) সংবাদদাতা

যশোরের কেশবপুরে সানতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্ররা ফুটবল খেলতে চাওয়ায় ওই স্কুলের প্রধান শিক্ষক একটি শ্রেণিকক্ষের ভেতর ৬ শিক্ষার্থীকে নিয়ে প্যান্ট খুলে উলঙ্গ করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে। ওই রাতেই ক্ষুব্ধ অভিভাবকরা ম্যানেজিং কমিটির সভাপতির কাছে সুষ্ঠু বিচার দাবি করেন। তাৎক্ষণিক পরিস্থিতি মোকাবিলায় সহকারী শিক্ষা কর্মকর্তা ঘটনাস্থল পরিদর্শন করেছেন।

ওই স্কুলের সহকারী শিক্ষক রবীন্দ্র নাথ ২০০৩ সালে স্কুলটির ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্বভার গ্রহণ করার পর থেকে শিক্ষার্থী কমতে কমতে বর্তমান ৩০ থেকে ৩৫ জনে ঠেকেছে।

অভিভাবক সদস্য জালাল উদ্দীন বিশ্বাস জানান, গত রোববার দুপুরে বিদ্যালয়ের ৫ম শ্রেণির শিক্ষার্থীরা ফুটবল খেলার জন্য বল আনতে যায় প্রধান শিক্ষকের কাছে। এ সময় তিনি তাদের হাতে বল না দিয়ে শিশু শ্রেণির শিক্ষার্থীদের খেলতে দেন। এরপরও তারা বল খেলতে চাইলে এক পর্যায়ে ওই প্রধান শিক্ষক ৫ম শ্রেণিসহ ৬/৭ জন শিক্ষার্থীকে একটি শ্রেণিকক্ষে ডেকে নিয়ে প্যান্ট খুলে উলঙ্গ হতে বলেন।

অভিভাবক হাসান আলী জানান, ওই প্রধান শিক্ষক কোনো শিক্ষার্থীকে স্কুলের টয়লেট ব্যবহার করতে দেয় না।

ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক রবীন্দ্র নাথ সরকার বলেন, এক সপ্তাহ আগে ৩য় শ্রেণির ছাত্র আব্দুলাহর খতনা দিয়েছিল তার পরিবার। আমি সেটা দেখতে চেয়েছিলাম। গ্রামবাসী ঘটনাটি ভিন্নখাতে প্রবাহিত করার চেষ্টা করছেন।

ম্যানেজিং কমিটির সভাপতি লক্ষণ হালদার বলেন, ওই শিক্ষক যে কাণ্ড ঘটিয়েছে তাতে অভিভাবকরা ক্ষুব্ধ। তাকে ৭ দিনের মধ্যে এ স্কুল ত্যাগ করার নির্দেশ দেয়া হয়েছে।

এ ব্যাপারে সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তা প্রভাত কুমার রায় বলেন, বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।